



নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০৩২.২০.২০১

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৭
০৬ ডিসেম্বর ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: ১৩১ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)-এ অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণের নিকট থেকে আবেদনপত্র আহ্বান।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ০৩/০১/২০২১ হতে ০৩/০৩/২০২১ তারিখ মেয়াদে সরকারের উপসচিব ও সম-পদমর্যাদার কর্মকর্তাগণের জন্য ১৩১তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি) পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে সংযুক্ত আবেদনপত্র ছক (ছক) পূরণপূর্বক আগামী ১৭/১২/২০২০ তারিখ (বৃহস্পতিবার) বিকাল ৫.০০ টার মধ্যে (সফট কপি-it1@mopa.gov.bd-এইমেইলে) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। শর্তাবলি:

- (ক) স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দুরত্ব বজায় রেখে বিপিএটিসি কর্তৃক কোর্সটি পরিচালিত হবে;
- (খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;
- (গ) কোর্স শুরুর তারিখে মনোনীত কর্মকর্তার বয়স অনূর্ধ্ব ৫৬ বছর হতে হবে।
- (ঘ) আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না; এবং
- (ঙ) নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়নের তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

৬-১২-২০২০

মোঃ আবদুর রউফ মিয়া

উপসচিব

ফোন: ৯৫১৫৫২৫

ইমেইল: it1@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল), (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো)
- ২) অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) পরিচালক, পিপিআর অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৩১তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন (এসিএডি)-এ আবেদনের জন্য নির্ধারিত ছক

মেয়াদ: ০৩/০১/২০২১ হতে ০৩/০৩/২০২১ তারিখ পর্যন্ত

১.	কর্মকর্তার নাম:	
	বাংলায়	:
	ইংরেজিতে (বড় অক্ষরে)	:
২.	পরিচিতি নম্বর ও ব্যাচ	:
৩.	পদবি ও কর্মস্থল	:
৪.	জন্ম তারিখ	:
৫.	কোর্স শুরুর তারিখে বয়স	:
৬.	মোবাইল ও টেলিফোন নম্বর	:
৭.	ইমেইল-	:

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে
মনোনয়ন প্রদানের সুপারিশ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের (অফিস প্রধান) স্বাক্ষর ও সীল